# এসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান— ৭০

**ফিন্যান্স ও ব্যাংকিং : সৃজনশীল** — বিষয় কোড : ১ ৫ ২

*[দ্রষ্টব্য : ফিন্যান্স অংশ থেকে ন্যূনতম ৩টি এবং ব্যাংকিং অংশ থেকে ন্যূনতম ৩টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

## ক বিভাগ: ফিন্যান্স

**১.▶** জনাব রাজিব মধ্যপ্রাচ্যে একটি দেশে কাজ করে পরিবারে নিয়মিত টাকা পাঠায়। তার পরিবার উক্ত টাকা দিয়ে একটি মৎস্য খামার স্থাপন করে যা পরিবারের সচ্ছলতার পাশাপাশি দেশের অর্থনীতিতেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

ক. আয় সিদ্ধান্তের অপর নাম কী? ১

খ. তারল্য ও মুনাফার মধ্যে ভারসাম্য রক্ষাকারী নীতিটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের কোন ধরনের অর্থায়নের কথা বলা হয়েছে? বর্ণনা করো। ৩

ঘ. দেশের অর্থায়নে জনাব রাজিবের ভূমিকা মূল্যায়ন করো। ৪

**২.▶** মাসুম ৫ বছর পর ১০,০০,০০০/- টাকা পাওয়ার আশায় বর্তমানে কিছু টাকা ব্যাংকে জমা রাখতে চায়। সে তথ্য পেল যে, A ব্যাংক বার্ষিক ১০% হারে চক্রবৃদ্ধি মুনাফা দেয় আর B ব্যাংক ৯% হারে মাসিক চক্রবৃদ্ধিতে মুনাফা দেয়।

ক. EAR-এর পূর্ণরূপ লিখ। ১

খ. 'রুল-৭২' ব্যাখ্যা করো। ২

গ. A ব্যাংক নির্বাচন করলে মাসুমকে কত টাকা জমা রাখতে হবে? ৩

ঘ. মাসুমের জন্য বিনিয়োগ ক্ষেত্রটি যুক্তি সহ চিহ্নিত করে দেখাও। ৪

**৩.▶** হাওলাদার ব্রাদার্স ১০ বছর মেয়াদি 'নিও' ও 'ষ্টার' নামক প্রকল্পের একটিতে ২০ লক্ষ টাকা বিনিয়োগ করতে চায়। প্রকল্প দুটির কিছু তথ্য নিম্নরূপ—

| প্রকল্প | নিট লাভ (বছরে)/লক্ষ টাকায় | | | | |
|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| নিও | ৩ | ৫ | (২) | ৭ | ৯ |
| ষ্টার | ৪ | ৮ | ৭ | (৩) | ৯ |

ক. গড় মুনাফার হার নির্ণয়ের সূত্রটি লিখ। ১

খ. গড় মুনাফার হার পদ্ধতির সবচেয়ে বড় সীমাবদ্ধতা কি? ব্যাখ্যা করো। ২

গ. ষ্টার প্রকল্পের পে-ব্যাক নির্ণয় করো। ৩

ঘ. পে-ব্যাক এর ভিত্তিতে যথার্থ প্রকল্প গ্রহণ চিহ্নিত করো। ৪

**৪.▶** মুন কোং প্রতিষ্ঠার জন্য অর্থের প্রয়োজন হওয়ায় পত্রিকার মাধ্যমে বিবরণী প্রচার করে এবং প্রথম প্রস্তাব আহ্বান করে। জনাব আতিক উক্ত প্রস্তাবে অংশ গ্রহণ করে। তিনি জানেন এভাবে প্রাপ্ত সুযোগ ভবিষ্যতে ভালো আয়ের ব্যবস্থা হয়।

Teachingbd.com

ক. বন্ড কি? ১
খ. শেয়ারের তারল্যতা কি? ব্যাখ্যা করো। ২
গ. জনাব আতিকের গৃহীত সুযোগটি কি? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব আতিকের চিন্তার যথার্থতা মূল্যায়ন করো। ৪

৫.▶ জনাব আজিজ x প্রকল্পের গড় আয় ও ঝুঁকি পেয়েছে ২৫% ও ১৮.৩৭% পক্ষান্তরে y প্রকল্পের ৫ বছরের আয়তথ্য যথাক্রমে ৩০%, ৩৫%, ১০%, ২০%, ৫%।

ক. কোন কারবারের তারল্য ঝুঁকি বেশি? ১
খ. কোন কারবারের তারল্য ঝুঁকি কম? ব্যাখ্যা করো। ২
গ. y প্রকল্পের ঝুঁকি নির্ণয় করো। ৩
ঘ. ঝুঁকির বিচারে কোন প্রকল্পটি জনাব আজিজ বাছাই করবেন, যুক্তিসহ উপস্থাপন করো। ৪

৬.▶ মেসার্স x কোং ব্যবসায় পরিচালনার জন্য নিকটস্থ বাণিজ্যিক ব্যাংক থেকে ৩ বছরে পরিশোধ যোগ্য ৪ লক্ষ টাকা ঋণ নেয়। তার পণ্য ছিল শুধু চাল। চালের মূল্য বেড়ে যাওয়ার মুনাফা বাড়ল কিন্তু বিক্রয় হ্রাস পাওয়ায় মুনাফার হার কমে যায়। এ অবস্থায় চালের পাশাপাশি ডাল বিক্রয়ের চিন্তা করছে।

ক. বিশ্ব বাণিজ্য সংস্থার আত্মপ্রকাশ হয় কোন দশকে? ১
খ. অংশীদারি প্রতিষ্ঠানের অর্থায়নের মূল উদ্দেশ্য কি? ব্যাখ্যা করো। ২
গ. মেসার্স x কোং কোন অর্থায়ন নীতি অনুসরণ করছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. মেসার্স x কোং এর চিন্তার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

## খ বিভাগ: ব্যাংকিং

৭.▶ জনাব মাহদি z ব্যাংক এর সাথে এমন সম্পর্ক বজায় রেখেছেন যে, তিনি অর্থ জমা রাখতে পারেন, উত্তোলন করতে পারেন এবং প্রয়োজনীয় ঋণেরও ব্যবস্থা করতে পারেন।

ক. বিনিময় প্রথা কি? ১
খ. ব্যাংক ব্যবসায়ের প্রধান উপাদান কি? ব্যাখ্যা করো। ২
গ. z ব্যাংক কার্যভিত্তিক কোন শ্রেণির ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব মাহদির সাথে z ব্যাংকের সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

৮.▶ নিম্নে দুটি ব্যাংকের তথ্য দেয়া হলো :

A : মহা ব্যবস্থাপক → ডেপুটি মহা ব্যবস্থাপক → সিনিয়র নির্বাহী কর্মকর্তা।

Teachingbd.com

B : গভর্নর → ডেপুটি গভর্নর

ক. বাংলাদেশ ব্যাংকের কর্মকাণ্ড কতটি ভাগে বিভক্ত? ১

খ. কেন্দ্রীয় ব্যাংকের সাথে বাণিজ্যিক ব্যাংকের সেতুবন্ধ গড়ে ওঠে কিভাবে? ব্যাখ্যা করো। ২

গ. B ব্যাংকটির ধরন ব্যাখ্যা করো। ৩

ঘ. A ব্যাংকের আর্থিক সংকটে B ব্যাংক কি ভূমিকা রাখে? বিশ্লেষণ করো। ৪

৯.▶ জনাব মো. আলী দেনার ২০০০০ টাকা প্রদানে পাওনাদারকে একটি চেক প্রদান করে। পাওনাদার ব্যাংক থেকে টাকা উত্তোলন করে। কিন্তু জমি কেনার জন্য ১ কোটি টাকার একটি চেক প্রদান করেন যা মালিক নগদ অর্থ সংগ্রহে ব্যর্থ হয়। ফলে বিশেষ ব্যবস্থায় জমির মালিককে তা গ্রহণ করতে হয়।

ক. ব্যাংকিং ব্যবসায়ের মূলমন্ত্র কী? ১

খ. ব্যাংক ও গ্রাহকের মধ্যে ডেটর-ক্রেডিটর সম্পর্ক ব্যাখ্যা করো। ২

গ. পাওনাদারকে প্রদত্ত চেকটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. জমি কেনার ক্ষেত্রে মো. আলীর ব্যবস্থাটির যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

১০.▶ মাহফুজ এর বয়স ১৪ বছর। সে বাবার সাথে ঈদ কেনাকাটায় গেল। সে লক্ষ করল যে তার বাবা পণ্যের মূল্য বাবদ ২৫,০০০ টাকা নগদ অর্থ ছাড়া একটি কার্ড ব্যবহার করে পরিশোধ করে। রাতের বেলায় এমন কেনাকাটায় মাহফুজ অবাক হয়।

ক. ছাত্র-ছাত্রীদের জন্য কোন ব্যাংক হিসাব চালু আছে? ১

খ. কোন ব্যাংক হিসাবের ক্ষেত্রে ব্যাংক কোন সুদ প্রদান করে না? ব্যাখ্যা করো। ২

গ. মাহফুজের বাবার কার্যক্রম বাণিজ্যিক ব্যাংকের কি ধরনের ব্যবস্থা? ব্যাখ্যা করো। ৩

ঘ. প্রদত্ত কার্যক্রমের মতো ব্যাংকগুলোর ব্যবস্থার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

১১.▶



ক. LC কি? ১

খ. ব্যাংক শব্দের উৎপত্তি ব্যাখ্যা করো। ২

গ. চিত্রের বিষয়টি কি? ব্যাখ্যা করো। ৩

ঘ. চিত্রের বিষয়টির সাথে ব্যাংকের সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

সময়— ৩০ মিনিট   পূর্ণমান— ৩০

# বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : ১ ৫ ২

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. বাহ্যিক অর্থসংস্থানের জনপ্রিয় উৎস কোনটি?**
ক) ব্যাংক জমাতিরিক্ত   খ) ব্যাংক ঋণ
গ) ধার   ঘ) বাকিতে ক্রয়

**২. স্বল্পমেয়াদি অপ্রাতিষ্ঠানিক তহবিলের উৎস হলো—**
i. বাণিজ্যিক পত্র
ii. গ্রাম্য মহাজন
iii. ক্ষুদ্র ঋণ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

**৩. গড় মুনাফা পদ্ধতিতে সবচেয়ে বড় সীমাবদ্ধতা কোনটি?**
ক) অর্থের সময়গত মূল্যকে বিবেচনা না করা
খ) সব নগদ প্রবাহকে সমমূল্যের বিবেচনা করা
গ) প্রকল্পের মুনাফা পরিমাপ না করা
ঘ) নগদ মুনাফার পরিবর্তে নিট মুনাফা ব্যবহার করা

**৪. গড় মুনাফার কোন হার পূর্ব নির্ধারিত থাকে?**
ক) বাজার হার   খ) সর্বোচ্চ হার
গ) গড় হার   ঘ) সর্বনিম্ন হার

**উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. রাতুল একজন ব্যবসায়ী। তিনি গত বছর ১ কোটি টাকার পণ্য বিক্রি করেছেন। কিন্তু তিনি আশঙ্কা করেন আগামী বছর বিক্রয়ের পরিমাণ কমে যেতে পারে।

**৫. মি. রাতুলের আশঙ্কাকে কী বলে আখ্যায়িত করা যায়?**
ক) ঝুঁকি   খ) অনিশ্চয়তা
গ) বিচ্যুতি   ঘ) আদর্শ বিচ্যুতি

**৬. মি. রাতুলের আশঙ্কা দূর করার জন্য করণীয়—**
i. প্রতিষ্ঠানের কোন ক্ষেত্রে ঝুঁকি রয়েছে তা নিশ্চিত করা
ii. অগ্রিম বিক্রি করা
iii. বিক্রয় হ্রাসের সম্ভাব্য কারণ চিহ্নিত করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

**৭. ব্যবসায় প্রতিষ্ঠান সফলভাবে চালনার জন্য কোন ধরনের ব্যয়ের সৃষ্টি হয়?**
ক) প্রত্যক্ষ ব্যয়   খ) পরোক্ষ ব্যয়
গ) স্থায়ী ব্যয়   ঘ) পরিচালনা ব্যয়

**৮. পরিবহন ব্যাংক কেন প্রতিষ্ঠা করা হয়?**
ক) পরিবহন ক্রয়ের জন্য
খ) যন্ত্রাংশ আমদানি করার জন্য
গ) যানবাহন আধুনিকীকরণের জন্য
ঘ) পরিবহন শিল্পের উন্নয়নের জন্য

**উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও।**
সিকদার সাহেব একটি এতিম খানা নিজের মায়ের নামে প্রতিষ্ঠা করেছেন। দক্ষ লোক নিয়োগ করে। তিনি এর তত্ত্বাবধান করেন এবং অর্থায়নের জন্য এলাকার গণ্যমান্য ব্যক্তিদের সাহায্য গ্রহণ করেন।

**৯. সিকদার সাহেবের প্রতিষ্ঠানটি কোন ধরনের?**
ক) ব্যবসায়ী   খ) অব্যবসায়ী
গ) সমবায়   ঘ) পারিবারিক

**১০. সিকদার সাহেবের প্রতিষ্ঠানে অর্থায়ন ভূমিকা রাখতে পারে—**
i. অর্থের উৎস চিহ্নিতকরণে
ii. সম্পদের উৎস চিহ্নিতকরণে
iii. নগদ প্রবাহ প্রাক্কলনে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

**১১. সাধারণ শেয়ার মালিকদের অবস্থান কীরূপ?**
ক) মালিকের আওতার বাইরে
খ) প্রকৃতপক্ষে কোম্পানির মালিক
গ) পুরোপুরি মালিকানার অন্তর্গত নয়
ঘ) শুধু শেয়ার মালিক হিসেবে বিবেচিত

**১২. অগ্রাধিকার শেয়ার কোন শেয়ারে রূপান্তরযোগ্য?**
ক) সাধারণ শেয়ারে   খ) রাইট শেয়ারে
গ) বিলম্বিত শেয়ারে   ঘ) বোনাস শেয়ারে

**১৩. জাতীয় ব্যাংক হিসেবে কেন্দ্রীয় ব্যাংক গঠন করার প্রধান কারণ কী?**
ক) রাষ্ট্রীয় ব্যবস্থার সংহতিকরণ
খ) ব্যবসায় বাণিজ্যের সম্প্রসারণ
গ) অর্থনৈতিক প্রবৃদ্ধি
ঘ) সরকারের আর্থিক নীতি বাস্তবায়ন

**১৪. অর্থায়নে বিভিন্ন উৎসের জন্য প্রত্যাশিত আয়ের হারকে কী বলা হয়?**
ক) মূলধন বাজেটিং   খ) মূলধন কাঠামো
গ) উপরিব্যয়   ঘ) মূলধন ব্যয়

Teachingbd.com

১৫. **শেয়ার মালিকরা শেয়ার ক্রয় করে—**
i. লভ্যাংশ পাওয়ার আশায়
ii. মধ্যমেয়াদি ঋণ দেয়
iii. শেয়ার মূল্য বৃদ্ধির আশায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

১৬. **কেন্দ্রীয় ব্যাংক সরকারকে—**
i. স্বল্পমেয়াদি ঋণ দেয়　ii. মধ্যমেয়াদি ঋণ দেয়
iii. দীর্ঘমেয়াদি ঋণ দেয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

১৭. **ব্যাংক হিসাবের বিক্ষিপ্ত সঞ্চয় পুঞ্জিভূত করে কোনটি গঠন করা হয়?**
ক রেমিট্যান্স　　খ আমানত
গ মূলধন　　ঘ ঋণ

১৮. **ব্যাংকিং বলতে কী বোঝায়?**
ক ব্যাংকের শাখা
খ ব্যাংকের নিয়মনীতি
গ ব্যাংকের আইনসজ্ঞাত কার্যাবলি
ঘ ব্যাংকের হিসাবনিকাশ

১৯. **কোন দেশের লোকেরা লম্বা টুলে অর্থ জমা রাখতো?**
ক আমেরিকার　　খ বৃটেনে
গ ফ্রান্সে　　ঘ ইতালিতে

২০. **দীর্ঘমেয়াদি হিসাবের উৎস হলো—**
i. ঋণ মূলধন
ii. অগ্রাধিকার শেয়ার মূলধন
iii. সংরক্ষিত আয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।**
কামাল সাহেব স্বপরিবারে কানাডা চলে যাবেন। তাই ইষ্ট ব্যাংক তার নির্দেশনা সাপেক্ষে হিসাবের সম্পূর্ণ জের তার বন্ধু রহিমের হিসাবে স্থানান্তর করল।

২১. **কামাল সাহেবের নির্দেশনার ফলাফল কী হবে?**
ক কামাল সাহেব নতুন হিসাব খুলবে
খ কামাল সাহেবের হিসাব চলমান থাকবে
গ কামাল ও ইষ্ট ব্যাংকের সম্পর্ক ছিন্ন হবে
ঘ ব্যাংকের বিদেশস্থ শাখায় হিসাব স্থানান্তর হবে

২২. **ব্যাংক তার মক্কেলের সুদ কীভাবে তার হিসাবে জমা রাখে?**
ক অন্য শাখার সাহায্যে
খ তৃতীয় পক্ষের সাহায্যে
গ স্বয়ংক্রিয়ভাবে
ঘ মক্কেলের সাহায্যে

২৩. **অর্থায়ন কী নিয়ে কাজ করে?**
ক বিনিময় ব্যবস্থাপনা
খ তহবিল ব্যবস্থাপনা
গ মূলধন ব্যবস্থাপনা
ঘ মুনাফা ব্যবস্থাপনা

২৪. **বাণিজ্যিকপত্র অর্থায়নের কোন উৎস?**
ক স্বল্পমেয়াদি　　খ মধ্যমেয়াদি
গ দীর্ঘমেয়াদি　　ঘ অভ্যন্তরীণ

২৫. **বছরে চক্রবৃদ্ধির সংখ্যাকে কোন প্রতীক দ্বারা প্রকাশ করা হয়?**
ক i　　খ n
গ m　　ঘ r

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।**
পান্না বেকারির মালিক ক্রেতাদের নিকট থেকে বেশকিছু বিল পান। টাকার প্রয়োজনে তিনি বিলগুলো বাট্টাকরণ করেন।

২৬. **পান্না বেকারির নিকট বিলগুলোর—**
ক প্রদত্ত বিল　　খ প্রাপ্য বিল
গ প্রদেয় বিল　　ঘ প্রাপ্ত বিল

২৭. **ব্যবসায় প্রতিষ্ঠানের মূল লক্ষ্য কী?**
ক সাফল্য অর্জন　　খ সুনাম অর্জন
গ সম্পদ অর্জন　　ঘ মুনাফা অর্জন

২৮. **কেন্দ্রীয় ব্যাংকের মুদ্রাবাজার নিয়ন্ত্রণে সাহায্য করে—**
ক বিনিয়োগ ব্যাংক　　খ শিল্পব্যাংক
গ সমবায় ব্যাংক　　ঘ বাণিজ্যিক ব্যাংক

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।**
সিলভা লি. ১০ কোটি টাকার শেয়ার বিক্রি করে প্রতিটি শেয়ারের মূল্য ২০০ টাকা হওয়ায় সব শ্রেণির মানুষ শেয়ার ক্রয় করতে পারে।

২৯. **সিলভা লি. কোন ধরনের ব্যবসায় প্রতিষ্ঠান?**
ক সমবায় সংগঠন
খ অংশীদারি সংগঠন
গ পাবলিক কোম্পানি
ঘ প্রাইভেট কোম্পানি

৩০. **সিলভা লি. কোং শেয়ারহোল্ডাররা পেতে পারে—**
ক সুদ　　খ কমিশন
গ বোনাস　　ঘ লভ্যাংশ

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ক | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | গ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | খ | ১০ | ক | ১১ | খ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | গ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | ঘ |

Teachingbd.com